



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/১৫/১৭/১৬

তারিখ : ২৮ এপ্রিল, ২০২৪

আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সামাজিক বিজ্ঞান ভবন এবং সেন্টার অব এক্সিলেন্স ভবনের এর জন্য সরকারী ও বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান অনুসরণ করে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক ০১(এক) বছরের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে নিম্নোক্ত পদে লোক নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

বিভাগ/দপ্তরের নাম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সেবামূল্য	বছরে উৎসব প্রণোদনা	বছরে বাংলা নববর্ষ প্রণোদনা	অতিরিক্ত কাজ
সামাজিক বিজ্ঞান ভবন	নিরাপত্তা প্রহরী	০৬ (ছয়)	১৪,৪৫০/=	১৬,৫০০/=	১৬৫০/=	প্রয়োজনে অতিরিক্ত কাজ করতে হবে, বিধি মোতাবেক অতিরিক্ত সেবামূল্য প্রাপ্য হবেন।
	সুইপার/ক্লিনার	০৫(পাঁচ)	১৪,৪৫০/=	১৬,৫০০/=	১৬৫০/=	
সেন্টার অব এক্সিলেন্স ভবন	নিরাপত্তা প্রহরী	০৬(ছয়)	১৪,৪৫০/=	১৬,৫০০/=	১৬৫০/=	
	সুইপার/ক্লিনার	০৫(পাঁচ)	১৪,৪৫০/=	১৬,৫০০/=	১৬৫০/=	

যোগ্যতা ও অভিজ্ঞতা

সুইপার/ক্লিনার

প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশসহ হরিজন সম্প্রদায়ের লোক অথবা ক্লিনিং কাজে ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী, দক্ষ ও মানসিকভাবে সুস্থ, বিনয়ী, চটপটে, সুশৃঙ্খল, বিশ্বস্ত এবং পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত সকল কাজ করার মানসিকতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।

নিরাপত্তা প্রহরী

প্রার্থীকে ন্যূনতম এসএসসি পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী, দক্ষ ও মানসিকভাবে সুস্থ, বিনয়ী, চটপটে, সুশৃঙ্খল ও বিশ্বস্ত হতে হবে।

অথবা

প্রার্থীকে ন্যূনতম এসএসসি পাশসহ সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ বাহিনী/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী থেকে অবসরপ্রাপ্ত অথবা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণপ্রাপ্তদের নিরাপত্তা প্রহরী কাজে ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

উচ্চতা : কমপক্ষে ৫ফুট ৬ইঞ্চি, বুকের মাপ : ৩২ইঞ্চি-৩৪ইঞ্চি।

বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর (সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ বাহিনী/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী থেকে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

আবেদনপত্র জমাদান :


আগ্রহী প্রার্থীদের আগামী ১৬ মে, ২০২৪ তারিখের মধ্যে কম্পিউটার প্রিন্ট করে স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত রেজিস্ট্রার অফিসের ডেসপ্যাস শাখায় পৌছাতে হবে। দরখাস্তের সাথে নিম্নোক্ত (ক), (খ) এবং (গ) সংযুক্ত করতে হবে।

(ক) রেজিস্ট্রার, শাবিপ্রবি এর অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উপরোক্ত পদের জন্য ১০০/= (একশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট/সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

(খ) পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি সত্যায়িত ছবি।

(গ) সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি।

খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট দপ্তর ও পদের নাম লিখতে হবে।



মো. ফজলুর রহমান
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

